পাঠ ১

# আমাদের কথা



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, অনুজ্ঞা, বিভিন্ন প্রেক্ষাপটনির্ভর ঘোষণা ও সংকেত শুনে বুঝতে পারা।

২.২ প্রমিত বাংলায় কথোপকথন, আলোচনা (শ্রেণিকক্ষ, পরিবার, পরিচিত পরিবেশে) শুনে বুঝতে পারা।

৬.১ পরিচিত প্রেক্ষাপটে প্রশ্ন-উত্তর, অনুজ্ঞা, সম্বোধন করতে পারা এবং সংকেত বিজ্ঞপ্তি বুঝে প্রমিত উচ্চারণে বলতে পারা।

৬.২ কথোপকথন ও আলোচনায় অংশগ্রহণ করতে পারা এবং সংশ্লিষ্ট বিষয়ে নিজস্ব মত বলে প্রকাশ করতে পারা।

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখায় বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, নির্দেশনা, অনুজ্ঞা ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন পড়ে বুঝতে পারা।

১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৩

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১ | আজ স্কুলের............... মজা করব। |
| পিরিয়ড-২ | বন্ধুদের কথা অংশ (পৃষ্ঠা ২) |
| পিরিয়ড-৩ | শ্রেণিকক্ষে কথোপকথন |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| স্কুল | প্রথম | ক্লাস | নতুন | বন্ধু | জিনিস | চকলেট | আমলকী |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

### পিরিয়ড ১ আজ স্কুলের............... মজা করব।

**প্রশ্ন ১. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

| | | | |
|---|---|---|---|
| মজা | স্কুলের | নতুন | তৃতীয় |
| নাম | বাংলা | অনেক | |

আজ ——— প্রথম দিন। নতুন বছরে ——— ক্লাসে উঠেছি। আমার ——— রাজু। আমি ——— শ্রেণিতে পড়ি। আমার সাথে আমার ——— বন্ধুরাও আছে। আমার হাতে ——— বই। নতুন বই পড়েত ———।

**উত্তর :** আজ **স্কুলের** প্রথম দিন। নতুন বছরে নতুন ক্লাসে উঠেছি। আমার নাম রাজু। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার সাথে আমার অনেক বন্ধুরাও আছে। আমার হাতে অনেক বই। নতুন বই পড়তে মজা।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

নতুন, স্কুল, তৃতীয়, বন্ধু, শ্রেণি।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| নতুন | নোতুন্ |
| স্কুল | স্কুল্ |
| তৃতীয় | তৃতিয়ো |
| বন্ধু | বোন্‌ধু |
| শ্রেণি | স্রেনি |

### পিরিয়ড ২ বন্ধুদের কথা অংশ (পৃষ্ঠা-২)

**প্রশ্ন ৩. শব্দকার্ড থেকে উপযুক্ত শব্দ নিয়ে শূন্যস্থান পূরণ কর।**




ঝিমিত : অনেক দিন পর আমাদের ——— হলো।
তিথি : আমি তোমাদের জন্য একটা ——— এনেছি।
মিতু : কী জিনিস?
তিথি : ——— এনেছি।
ঝিমিত : আমিও একটা জিনিস এনেছি। বাড়ির গাছের ———।
মিতু : আমলকী! বাহ!
ঝিমিত : নাও, সবাই মিলে ———।
মিতু : তোমাদের অনেক ———।

**উত্তর :**

ঝিমিত : অনেক দিন পর আমাদের **দেখা** হলো।
তিথি : আমি তোমাদের জন্য একটা **জিনিস** এনেছি।
মিতু : কী জিনিস?
তিথি : **চকলেট** এনেছি।
ঝিমিত : আমিও একটা জিনিস এনেছি। বাড়ির গাছের **আমলকী**।
মিতু : আমলকী! বাহ!
ঝিমিত : নাও, সবাই মিলে **খাই**।
মিতু : তোমাদের অনেক **ধন্যবাদ**।

**প্রশ্ন ৪. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

কেমন, কোথায়, এসো, তোমরা, দেখা।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| কেমন | ক্যামোন্ |
| কোথায় | কোথায় |
| এসো | এশো |
| তোমরা | তোম্‌রা |
| দেখা | দ্যাখা |

### পিরিয়ড ৩ শ্রেণিকক্ষে কথোপকথন

**প্রশ্ন ৫. নিচের সংলাপটি পড় এবং প্রশ্নের উত্তর দাও।**

ঝিমিত : অনেক দিন পর আমাদের দেখা হলো।
তিথি : আমি তোমাদের জন্য একটা জিনিস এনেছি।
মিতু : কী জিনিস?
তিথি : চকলেট এনেছি।
মিতু : চকলেট? দারুণ তো!
ঝিমিত : আমিও একটা জিনিস এনেছি। বাড়ির গাছের আমলকী।

ক. ঝিমিতের অনেক দিন পর কার সাথে দেখা হলো?
খ. তিথি সবার জন্য কী এনেছে?
গ. ঝিমিত কোথা থেকে আমলকী এনেছে?
ঘ. সংলাপটি কয়জনের মধ্যে হয়েছে?
ঙ. সংলাপে কয়টি প্রশ্নবোধক বাক্য আছে? সেগুলো কী কী?

**উত্তর :**

ক. ঝিমিতের অনেক দিন পর বন্ধুদের সাথে দেখা হলো।

খ. তিথি সবার জন্য চকলেট এনেছে।

গ. ঝিমিত বাড়ির গাছ থেকে আমলকী এনেছে।

ঘ. সংলাপটি তিনজনের মধ্যে হয়েছে।

ঙ. সংলাপে দুটি প্রশ্নবোধক বাক্য আছে। বাক্য দুটি হলো—

১. কী জিনিস?

২. চকলেট?



## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ, সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নের উত্তর দাও।**

আমার নাম রাজু। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার সাথে আমার বন্ধুরাও আছে। তিথি, মিতু, ঝিমিত এবং আরও অনেক বন্ধু।

এই যে দেখো, আমার হাতে বাংলা বই। খুশি আপা আমাদের বাংলা পড়াবেন। নতুন বই পড়তে অনেক মজা।

ক. অনুচ্ছেদে উল্লিখিত ছেলেটির নাম কী?

খ. রাজু কোন শ্রেণিতে পড়ে?

গ. রাজুর হাতে কী বই?

ঘ. অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের কর এবং ভেঙে লেখ।

ঙ. কোন বই পড়তে অনেক আনন্দ?

**উত্তর :**

ক. অনুচ্ছেদে উল্লিখিত ছেলেটির নাম রাজু।

খ. রাজু তৃতীয় শ্রেণিতে পড়ে।

গ. রাজুর হাতে বাংলা বই।

ঘ. অনুচ্ছেদ থেকে পাওয়া যুক্তবর্ণযুক্ত শব্দ : তৃতীয়, শ্রেণি, বন্ধু।

শব্দ বিভাজন : তৃতীয় = তৃ – ত + ঋ (ৃ)-কার

শ্রেণি = শ্র – শ + র (্র)-ফলা

বন্ধু = ন্ধু – ন + ধ + উ (ু) কার

ঙ. নতুন বই পড়তে অনেক আনন্দ।

**প্রশ্ন ২. নিচের ঘটনায় কয়টি এবং কী কী ক্রমবাচক শব্দ আছে তা শুনে লেখ।**

ঘটনা

আজ স্কুলের প্রথম দিন। নতুন বছরে নতুন ক্লাসে উঠেছি সবাই। তাই অনেক ভালো লাগছে। আমার নাম রাজু। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার সাথে আমার বন্ধুরাও আছে। তিথি, মিতু, ঝিমিত এবং আরও অনেক বন্ধু।

**উত্তর :** উপরের ঘটনায় দুটি ক্রমবাচক শব্দ রয়েছে। যেমন— ১. প্রথম, ২. তৃতীয়।

**প্রশ্ন ৩. শ্রেণিকক্ষে তোমার পরিচয় দাও।**

তোমার বন্ধু তিথি শ্রেণিকক্ষে সবার সামনে নিজের পরিচয় দিচ্ছে। তিথির কথাগুলো মনোযোগ দিয়ে শোন।

তিথি : আমার নাম তিথি। আমার বাবার নাম মো. আমিন উদ্দিন। আমার মায়ের নাম সুফিয়া বেগম। আমার গ্রামের নাম বকুলপুর। আমি বকুলপুর প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণিতে পড়ি।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৪. রাজু কোন শ্রেণিতে পড়ে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রাজু তৃতীয় শ্রেণিতে পড়ে।

**প্রশ্ন ৫. তোমার বিদ্যালয়ের নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমার বিদ্যালয়ের নাম বকুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

**প্রশ্ন ৬. এখন তোমার কোন বিষয়ের ক্লাস?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** এখন আমার বাংলা বিষয়ের ক্লাস।

**প্রশ্ন ৭. খুশি আপা কোন বিষয়ের শিক্ষক?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** খুশি আপা বাংলা বিষয়ের শিক্ষক।

**প্রশ্ন ৮. কে চকলেট এনেছে?**

**উত্তর :** তিথি চকলেট এনেছে।

**প্রশ্ন ৯. কে আমলকী এনেছে?**

**উত্তর :** ঝিমিত আমলকী এনেছে।

**প্রশ্ন ১০. নিচের বিরামচিহ্নগুলোর নাম লেখ।**

ক. ,  খ. ।

গ. ?  ঘ. !

**উত্তর :**

ক. , — কমা

খ. । — দাঁড়ি

গ. ? — জিজ্ঞাসা চিহ্ন

ঘ. ! — বিস্ময়সূচক চিহ্ন।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১১. ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।**



ক. ছবিতে কয়জন ছেলে ও মেয়ে শিক্ষার্থী দেখা যাচ্ছে?

খ. ছেলেটির হাতে কী?

গ. মেয়েটির হাতে কী?

উত্তর :
ক. ছবিতে একজন ছেলে ও দুইজন মেয়ে শিক্ষার্থী দেখা যাচ্ছে।
খ. ছেলেটির হাতে আমলকী।
গ. মেয়েটির হাতে চকলেট।

**লেখা** — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১২. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**
স্কুল, নতুন, বন্ধু, মজা, শুরু।

**উত্তর :** **স্কুল** — বিদ্যালয়, পাঠশালা।
নতুন — নবীন, নব।
বন্ধু — সখা, মিত্র।
মজা — আমোদ।
শুরু — আরম্ভ।

## শিক্ষক/অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| কথোপকথনের ভঙ্গিতে বলতে পেরেছে। | | | |
| প্রমিত বাংলায় আলোচনা করার চেষ্টা করেছে। | | | |
| কথোপকথনে প্রশ্ন, অনুরোধ, সম্বোধন করতে পেরেছে। | | | |
| কথোপকথনের বিষয় লিখতে পেরেছে। | | | |
| সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐

**ধারাবাহিক মূল্যায়ন**

সময় :..........

শিক্ষার্থীর নাম :.............................................. শ্রেণি :.............................................. রোল নম্বর : ☐

১। **নিচের ঘটনায় কয়টি এবং কী কী ক্রমবাচক শব্দ আছে তা পড়ে লেখ।**

**ঘটনা**

আজ স্কুলের প্রথম দিন। নতুন বছরে নতুন ক্লাসে উঠেছি সবাই। তাই অনেক ভালো লাগছে।
আমার নাম রাজু। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার সাথে আমার বন্ধুরাও আছে। তিথি, মিতু, ঝিমিত এবং আরও অনেক বন্ধু।

২। **ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।**



ক. ছবিতে কয়জন ছেলে ও মেয়ে শিক্ষার্থী দেখা যাচ্ছে?
খ. ছেলেটির হাতে কী?
গ. মেয়েটির হাতে কী?

**উত্তরমালা**

১ ▸ উপরের ঘটনায় দুটি ক্রমবাচক শব্দ রয়েছে। যেমন—
ক. প্রথম,
খ. তৃতীয়।

২ ▸ ক. ছবিতে একজন ছেলে ও দুইজন মেয়ে শিক্ষার্থী দেখা যাচ্ছে।
খ. ছেলেটির হাতে আমলকী।
গ. মেয়েটির হাতে চকলেট।

মূল্যায়ন রিপোর্ট :

শিখনের অর্জিত মাত্রা ☐